(একই স্মারক নং ও তারিখের পুন: প্রতিস্থাপন)
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সাপোর্টিং ইমপ্লিমেন্টেশন অফ মাদার এন্ড চাইল্ড বেনিফিট প্রোগ্রাম (SIMCBP)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
https://www.mowca.gov.bd

**স্মারক নং:** মশিবিম/ SIMCBP/প্রশিক্ষণ/০৬/২৫/০৪ **তারিখ:**২৫/০৩/২০২৫ খ্রি.

## প্রশিক্ষণ গাইডলাইন

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত "Supporting Implementation of the Mother And Child Benefit Programme (SIMCBP)" প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পর্যায়ে মা ও শিশু সহায়তা কর্মসূচির "বাস্তবায়ন নির্দেশিকা-২০২৪" বিষয়ক উপজেলা কমিটির জন্য কর্মশালা/প্রশিক্ষণের গাইডলাইন।

**শর্তাবলী:**"মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০২৪" বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণের জন্য প্রযোজ্য।

১. সকল সরকারি আর্থিক বিধিবিধান অনুসরণ করে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তক বাস্তবায়িত "Supporting Implementation of the Mother And Child Benefit Programme (SIMCBP)" প্রকল্পের আওতায় ৩২৩১২০১ নং কোডের RPL অংশ হতে ব্যয় নির্বাহ করতে হবে। প্রশিক্ষণের বাজেট তৈরিতে অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগ এর বাজেট শাখা-১১ কর্তৃক ১২-০১-২০১৭ তারিখের স্মারক নং-০৭.১১১.০৩১.০১.০০.০১৪.২০১০-১৮ এ উন্নয়ন প্রকল্পের কর্মশালা/প্রশিক্ষণ সংক্রান্ত কর্মকান্ড পরিচালনা ও ব্যয়-এর পরিপত্র অনুসরণ করা হয়েছে।

২. প্রতিটি উপজেলায় সুবিধাজনক ভেন্যুতে দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

৩. মানসম্মত প্রক্রিয়ায় প্রশিক্ষণ কার্যক্রমগুলো আবশ্যিকভাবে ১৫মে ২০২৫ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।

৪. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা "মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০২৪" এ উল্লেখিত উপজেলা কমিটির সদস্যদের তালিকা অনুসারে প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের তালিকা প্রস্তুত করবেন এবং তালিকাটি প্রশিক্ষণ আয়োজনের ৫(পাঁচ) দিন পূর্বে সফট কপি SIMCBP প্রকল্পের, প্রকল্প পরিচালকের কার্যালয়ে pdbeibey.simcbp@gmail.com মেইলে প্রেরণ করতে হবে।

৫. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের অনুপস্থিতিতে অথবা ইউনিয়ন চেয়ারম্যানের মনোনয়ন সাপেক্ষে তার পরিবর্তে ইউনিয়ন পরিষদের একজন প্যানেল চেয়ারম্যান/সংরক্ষিত মহিলা সদস্য অথবা একজন উদ্যোক্তা এ প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন।

৬. প্রত্যেক ইউনিয়ন হতে ইউনিয়ন পরিষদ সচিব একজন প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করবেন এবং পরবর্তীতে তিনি পরিষদের সকলকে এ বিষয়ে অবহিত করবেন।

৭. জনপ্রতি অংশগ্রহণকারীর দৈনিক ভাতা ৫০০/ ও যাতায়াত ভাতা ২৫০= মোট ৭৫০/-টাকা বরাদ্দ রাখা হয়েছে।

৮. রিসোর্স পার্সন/প্রশিক্ষক সম্মানী ভাতা; প্রতি ঘন্টা ১১৫০/-টাকা, ২ জন রিসোর্স পার্সন/প্রশিক্ষক (২৩০০+২৩০০)= ৪৬০০/-টাকা মোট ৪ ঘন্টা সেশনের জন্য বরাদ্দ রাখা হয়েছে। রিসোর্স পার্সন হিসেবে সংশ্লিষ্ট উপপরিচালক ও উপজেলা নির্বাহী অফিসার দায়িত্ব পালন করবেন। সংশ্লিষ্ট উপপরিচালক ও উপজেলা নির্বাহী অফিসারের অনুপস্থিতিতে টিওটি (ToT) প্রাপ্ত পার্শ্ববর্তী উপজেলার মহিলা বিষয়ক কর্মকর্তা রিসোর্স পার্সন/প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন।

৯. স্টেশনারী (কলম,প্যাড, ফোল্ডার, পোস্টার পেপার, বোর্ড ও মার্কার, বাস্তবায়ন নির্দেশিকার কপি, হ্যান্ডওয়াশ, টিস্যু বক্স ও অন্যান্য) বাবদ =৭০০/- বরাদ্দ রাখা হয়েছে।

১০. দুপুরের খাবার ও দুবেলা রিফ্রেশমেন্ট (৩০০+ ৮০) ৩৮০/-টাকা হারে ধরা হয়েছে। অতিরিক্ত ১০ জনের বাজেট দুপুরের খাবার ও দুবেলা রিফ্রেশমেন্টের জন্য প্রতিটি প্রশিক্ষণে বরাদ্দ রাখা হয়েছে (২জন ট্রেইনার, সাপোর্ট স্টাফ ২, মনিটরিং সদস্য ২, অন্যান্য ৪ জন)।

১১. সাপোর্ট স্টাফের সম্মানী ভাতা বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা প্রাপ্য হবেন। (অর্থ বিভাগের প্রজ্ঞাপণ স্মারক নং-০৭.০০.০০০০.১৭২.৩৩.০০৫.১৩.১১১ তারিখ: ২২.০৫.২০১৯ খ্রি.)

১২. প্রতি উপজেলা ব্যানার (১০০০/টাকা) ও সাউন্ড সিস্টেমের জন্য (২৫০০/টাকা) মোট ৩৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা রাখা হয়েছে **(ব্যানারের নমুনা সংযুক্ত-ক)।**

১৩. উপজেলায় প্রতি প্রশিক্ষণ আয়োজনের জন্য ভেন্যু ব্যবস্থাপনা বাবদ বরাদ্দ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা রাখা হয়েছে।

১৪. কোর্স কো-অর্ডিনেটর হিসেবে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা দায়িত্ব পালন করবেন। কোর্স কো-অর্ডিনেটর ৪০০০/- টাকা সম্মানী প্রাপ্য হবেন।

১৫. কোর্স পরিচালক-৬০০০/- টাকা হিসেবে সম্মানী প্রাপ্য হবেন। সরেজমিনে মনিটরিং টিমের ১ জন সদস্য কোর্স পরিচালক এর দায়িত্ব পালন করবেন **(মনিটরিং টিমের তালিকা সংযুক্ত-খ)।**

১৬. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রশিক্ষণ উপকরণ (কলম, প্যাড, ফোল্ডার, পোস্টার পেপার, বোর্ড ও পার্মানেন্ট মার্কার , বাস্তবায়ন নির্দেশিকা, ফ্লিপ চার্ট, ভিপকার্ড) সরবরাহ করবেন।

১৭. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রতিটি প্রশিক্ষণের কমপক্ষে ৫টি হাই রেজুলেশনের ছবি (ব্যানার সহ চলমান প্রশিক্ষনের ছবি, সকল প্রশিক্ষণার্থী সহ গ্রুপ ছবি, প্রশিক্ষণার্থী উপস্থিতির তালিকার ছবি) সংশ্লিষ্ট উপজেলার নাম সম্বলিত একটি ফোল্ডার ইমেইল-এর মাধ্যমে



CamScanner

(pdbeibey.simcbp@gmail.com) পাঠাতে হবে। এ ছাড়া জুম লিংকের মাধ্যমে চলমান প্রশিক্ষণ কার্যক্রম পরিবীক্ষণের জন্য সরেজমিন মনিটরিং টীম সংযুক্ত হতে পারবেন।

১৮. SIMCBP প্রকল্প এবং বিশ্ব ব্যাংকের প্রতিনিধিবৃন্দ চলমান প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন/পরিবীক্ষণ করবেন।

১৯. SIMCBP প্রকল্পের সাথে যুক্ত কর্মকর্তা/কনসালট্যান্টগণ প্রকল্পের নীতমালা অনুযায়ী দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

২০. অর্থ ব্যয়ের যথাযথ হিসাব ভবিষ্যতে অডিট কার্যসম্পাদনের জন্য সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাঁর কাছে এক সেট ফটোকপি রেখে মূল কপি SIMCBP প্রকল্পের পরিচালকের কার্যালয়ে (বিল ভাউচারের কপিসহ প্রয়োজনীয় কাগজপত্র ) সংরক্ষণের জন্য প্রেরণ করবেন।

২১. প্রত্যেক উপজেলায় SIMCBP শিরোনামে একটি হিসাব খুলতে হবে। এই হিসাবে শুধুমাত্র প্রকল্প সংশ্লিষ্ট লেনদেন সম্পন্ন হবে। হিসাব খোলার পরে ব্যাংক স্টেটমেন্ট সহ একটি পত্র প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করতে হবে।

২২. ২০২৪-২০২৫ অর্থবছরের অর্থনৈতিক কোড নং ৩২৩১২০১ প্রশিক্ষণ ব্যয় হতে ব্যাচ/সেশন বিভাজন অনুযায়ী বরাদ্দ দেওয়া হবে। বরাদ্দকৃত অর্থ প্রকল্পের ব্যাংক হিসেবে এডভাইসের মাধ্যমে স্থানান্তর করা হবে। অব্যয়িত অর্থ ৩১ মে ২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রকল্পের হিসাব নম্বর ৫৫২০০২৪০০০১৭৩ (5520024000173) Rupali Bank PLC, Rokeya Sarani Corporate Branch, Dhaka তে প্রেরণ করতে হবে এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার স্বাক্ষরিত পত্র SIMCBP প্রকল্প পরিচালকের কার্যালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবরে অথবা pdbeibey.simcbp@gmail.com ইমেইলে পাঠাতে হবে।

২৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বরাদ্দ প্রদান করা হলো।

২৫/০৩/২৫

ড. প্রকাশ কান্তি চৌধুরী
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
SIMCBP প্রকল্প
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**প্রাপকঃ**

১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়,
মহিলা বিষয়ক অধিদপ্তর,------------------ জেলা।
২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা---------- সকল উপজেলা

**স্মারক নং:** মশিবিম/ SIMCBP/প্রশিক্ষণ/০৬/২৫/০৪ **তারিখ:**২৫/০৩/২০২৫ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে :** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। জেলা প্রশাসক, (সকল জেলা)

০২। উপজেলা নির্বাহী অফিসার, (সকল উপজেলা)

০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৪। উপ প্রকল্প পরিচালক, Supporting Implementation of the Mother And Child Benefit Program (SIMCBP)

৫। সহকারি প্রকল্প পরিচালক, Supporting Implementation of the Mother And Child Benefit Program (SIMCBP)

০৬। Aneeka Rahman (Sr. SP Economist), Task Team Leader (SIMCBP), World Bank, Bangladesh.

০৭। সিনিয়র প্রোজেক্ট কো-অর্ডিনেটর, Supporting Implementation of the Mother And Child Benefit Program (SIMCBP) শীর্ষক প্রকল্প, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০৮। সিনিয়র ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট স্পেশালিস্ট, Supporting Implementation of the Mother And Child Benefit Program (SIMCBP) শীর্ষক প্রকল্প, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহাপরিচালকের সদয় অবগতির জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।

১০। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (পরিচালকের সদয় অবগতির জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।

১১। অতিরিক্ত সচিব (উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫/০৩/২৫

ড. প্রকাশ কান্তি চৌধুরী
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
SIMCBP প্রকল্প
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



CamScanner

**সংযুক্ত-খ :** সরেজমিন প্রশিক্ষণ মনিটরিং টিমের সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)


০১। সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের
০২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর
০৩। অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
০৪। যুগ্ম সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
০৫। প্রকল্প পরিচালক, Supporting Implementation of the Mother And Child Benefit Program (SIMCBP)
০৬। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর
০৭। উপসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
০৮। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), মহিলা বিষয়ক অধিদপ্তর
০৯। উপ প্রকল্প পরিচালক, Supporting Implementation of the Mother And Child Benefit Program (SIMCBP)
১০। সহকারি প্রকল্প পরিচালক, Supporting Implementation of the Mother And Child Benefit Program (SIMCBP)
১১। সহকারী পরিচালক, মা ও শিশু সহায়তা কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর
১২। প্রোগ্রাম অফিসার, মা ও শিশু সহায়তা কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর
১৩। কনসালটেন্ট, Supporting Implementation of the Mother And Child Benefit Program (SIMCBP)
১৪। প্রকল্প পরিচালক, SIMCBP প্রয়োজনবোধে সংশ্লিষ্ট যে কোন কর্মকর্তাকে মনিটরিং টিমের সদস্য হিসেবে কো-অপ্ট করবেন।

ড. প্রকাশ কান্তি চৌধুরী
যুগ্মসচিব (উন্নয়ন)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
এবং
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
"Supporting Implementation of the Mother and Child Benefit Programme (SIMCBP)" প্রকল্প



CamScanner

সংযুক্ত-ক: ব্যানারের নমুনা



সংযুক্ত-গ : অংশগ্রহণকারীর ক্রাইটেরিয়া

**উপজেলা কমিটি**

| | | |
|---|---|---|
| | উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) | উপদেষ্টা |
| ১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২ | পৌরসভা মেয়র/প্রতিনিধি | সদস্য |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৫ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৭ | ইউনিয়ন কাউন্সিল চেয়ারম্যান (সকল) | সদস্য |
| ৮ | সংশ্লিষ্ট আর্থিক সেবা প্রতিষ্ঠানের প্রতিনিধি (ইউএনও কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯ | নারী উন্নয়ন কর্মী (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য সচিব |

**বি.দ্র.** প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রমের প্রয়োজনীয়তার নিরীক্ষে আরও দুজন আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের দুজন প্রতিনিধিকে এ প্রশিক্ষণে যুক্ত করা হয়েছে। উপজেলাধীন প্রত্যেকটি ইউনিয়ন পরিষদের সচিবকে এ প্রশিক্ষণে একজন প্রশিক্ষণার্থী হিসেবে যুক্ত করা হয়েছে।



CamScanner

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সাপোর্টিং ইমপ্লিমেন্টেশন অফ দা মাদার এন্ড চাইল্ড বিনিফিট প্রোগ্রাম (SIMCBP)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
https://www.mowca.gov.bd

**বিষয়:** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তক বাস্তবায়িত "Supporting Implementation of the Mother And Child Benefit Programme (SIMCBP)" প্রকল্পর আওতায় উপজেলা পর্যায়ে "*মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২৪*" বিষয়ক উপজেলা কমিটির প্রশিক্ষণের বাজেট।

| ক্র.নং | খাতের বর্ণনা | খাতের ধরণ | ইউনিট (জন) | দিন / বার | এক ইউনিট খরচ | মোট খরচ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | অংশগ্রহণকারীর দৈনিক ভাতা | দৈনিক | ১ | ১ | ৫০০ | ৫০০ | প্রশিক্ষণার্থীর সংখ্যা অনুযায়ী বাজেট কম বেশি হবে |
| ২ | অংশগ্রহণকারীর যাতায়াত ভাতা | দৈনিক | ১ | ১ | ২৫০ | ২৫০ | |
| ৩ | ২ জন প্রশিক্ষকের/রিসোর্স পার্সনের সম্মানী ভাতা (ঘন্টাভিত্তিক-১ ঘন্টা ১১৫০/-টাকা) | দৈনিক | ২ | ২ | ১১৫০ | ৪৬০০ | একটি ব্যাচের জন্য নির্দিষ্ট |
| ৪ | স্টেশনারী (কলম,প্যাড, ফোল্ডার, পোস্টার পেপার, বোর্ড ও পার্মানেন্ট মার্কার, বাস্তবায়ন নির্দেশিকা, হ্যান্ডওয়াশ, টিস্যু বক্স ) | দৈনিক | ১ | ১ | ৭০০ | ৭০০ | প্রশিক্ষণার্থীর সংখ্যা অনুযায়ী বাজেট কম বেশি হবে |
| ৫ | সকাল বিকাল নাস্তা অংশগ্রহণকারী (অতিরিক্ত ১০ জন যুক্ত হবে ২জন ট্রেনার, সাপোর্ট স্টাফ ২, মনিটরিং ২, অন্যান্য ৪) | দৈনিক | ১ | ২ | ৪০ | ৮০ | প্রশিক্ষণার্থীর সাথে অতিরিক্ত ১০ জন সহ সংখ্যা অনুযায়ী বাজেট কম বেশি হবে |
| ৬ | দুপুরের খাবার অংশগ্রহণকারী (অতিরিক্ত ১০ জন যুক্ত হবে ২জন ট্রেনার, সাপোর্ট স্টাফ ২, মনিটরিং ২, অন্যান্য ৪) | দৈনিক | ১ | ১ | ৩০০ | ৩০০ | |
| ৭ | সাপোর্ট স্টাফের সম্মানী ২ জন | দৈনিক | ২ | ১ | ৫০০ | ১০০০ | একটি ব্যাচের জন্য নির্দিষ্ট |
| ৮ | ব্যানার | দৈনিক | ১ | ১ | ১০০০ | ১০০০ | |
| ৯ | সাউন্ড সিস্টেম | দৈনিক | ১ | ১ | ২৫০০ | ২৫০০ | |
| ১০ | ভেনু ভাড়া | দৈনিক | ১ | ১ | ৫০০০ | ৫০০০ | |
| ১১ | কোর্স পরিচালকের সম্মানী | দৈনিক | ১ | ১ | ৬০০০ | ৬০০০ | |
| ১২ | কোর্স কো-অর্ডিনেটর সম্মানী | দৈনিক | ১ | ১ | ৪০০০ | ৪০০০ | |
| | | | | | | | |

ড. প্রকাশ কান্তি চৌধুরী
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
SIMCBP প্রকল্প
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner